

লোকসভার স্বীকৃতি, বেসু হচ্ছে আইআইইএসটি

স্টাফ রিপোর্টার : দেশের উচ্চশিক্ষা মানচিত্রে নয়া দিগন্ত তৈরি করল এ রাজ্য। বুধবার বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)কে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি (আইআইইএসটি) হতে সম্মতি দিল লোকসভা। ১৮৫৬ সালে প্রতিষ্ঠিত



আইআইইএসটি-র খবরে বেসুতে উল্লাস।

দেশের প্রাচীন প্রতিষ্ঠানটির এবার নাম হবে আইআইইএসটি, শিবপুর। বাকি শুধু রাজ্যসভা এবং রাষ্ট্রপতির সম্মতি। বেসুর উপাচার্য অজয় রায় জানিয়েছেন, রাষ্ট্রপতি হওয়ার আগে প্রণব মুখোপাধ্যায় আন্তরিকভাবে এ রাজ্যে প্রথম আইআইইএসটি তৈরির উদ্যোগ নিয়েছিলেন। তাই তাঁর সম্মতি শুধু সময়ের অপেক্ষা। বাংলার আবেগের কথা মাথায় রেখে তিনি কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রককে 'আইআইইএসটি, শিবপুর (পুরনো বেসু)' এই নামকরণ করার অনুরোধ করে চিঠি পাঠাচ্ছেন।

২০০৫ সালে এস কে জোশী কমিটির সুপারিশ মেনে দু'বছর পর বেসু-সহ দেশের ৫ টি বিশ্ববিদ্যালয়কে আইআইইএসটি করার প্রস্তাব দেয় আনন্দ কৃষ্ণন কমিটি। তারপর রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কেন্দ্রীয় মন্ত্রী থাকাকালীন মানব সম্পদ উন্নয়ন মন্ত্রককে বিষয়টি দ্রুত রূপায়ণে পদক্ষেপ নিতে বাধ্য করেন। ২০১০ সালে ঠিক হয়েছিল পাঁচ বছরের জন্য নয়া আইআইইএসটি পাবে ৫৯২ কোটি টাকা। দেশের প্রথম আইআইইএসটিতে আইআইটির খাঁচে সর্বোচ্চ প্রশাসনিক পদে থাকবেন ডিরেক্টর। কোর্ট ও কাউন্সিলের জায়গায় সেনেট এবং বোর্ড অফ গভর্নেন্স, এই দু'টি সর্বোচ্চ সিদ্ধান্ত নিয়ামক কমিটি গড়ে উঠবে বি-টেক ও এম-টেক বা বিএসসি ও এমএসসি পড়ানো হবে পাঁচ বছরের ইন্টিগ্রেটেড কোর্সের মাধ্যমে। এমএসসি-পিএইচডি ও এম-টেক-পিএইচডি করতে চাইলেও ইন্টিগ্রেটেড কোর্সের মাধ্যমে করানো হবে। পরিকাঠামো, সিলেবাস, গবেষণাগার, ছাত্রাবাস এবং সর্বোপরি বর্তমান ডিগ্রি দেওয়ার পদ্ধতি বদলে যাবে। বর্তমানে বেসুতে ছাত্রদের আসন সংখ্যা প্রায় তিন হাজার। আগামী পাঁচ বছরে অন্তত এক হাজার আসন বাড়বে। শিক্ষকদের বেতন বাড়বে ২০ থেকে ৪০ হাজার টাকা।

ছবি : অমিয় পাত্র